

# ঢাবিতে ভর্তি পরীক্ষা পেছানো ও ফি কমানোর দাবি ছাত্রদলের

ঢাকা বিশ্ববিদ্যালয়  
প্রতিনিধি

১৬ অক্টোবর, ২০২৪

১৩:৫৮

শেয়ার

অ +

অ -



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের (স্নাতক) সম্মান প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা যৌক্তিক সময় বিবেচনা করে পেছানো ও আবেদন ফি কমানোর দাবি জানিয়েছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের নেতাকর্মীরা। এ জন্য তারা বুধবার দুপুর সাড়ে ১২টার দিকে বিশ্ববিদ্যালয় উপাচার্যের কাছে একটি আবেদনও করেছেন।

আরো পড়ুন



জীবন্ত পুড়ে মারা যাওয়া সেই ফিলিস্তিনির পরিচয় মিলল

উপাচার্যের পক্ষে আবেদনটি গ্রহণ করেন প্রক্টর সাইফুদ্দীন আহমেদ।

এ সময় উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদলের সভাপতি গণেশ চন্দ্র রায় সাগর, সাধারণ সম্পাদক নাহিদুজ্জামান শিপন, সহসভাপতি খন্দকার আনিসুর রহমান অনিক, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক নাছির উদ্দীন শাওন, যুগ্ম সাধারণ সম্পাদক শামীম আক্তার শুভ, সাংগঠনিক সম্পাদক নূর আলম ভূইয়া ইমন।